গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় সঞ্চয় অধিদপ্তর**
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
www.nationalsavings.gov.bd

## জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশনটিম-এর নভেম্বর ২০১৭মাসের সভার

# কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আবু তালেব,পরিচালক (যুগ্ম-সচিব)<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২৩ নভেম্বর ২০১৭খ্রিঃ; সকাল ১১.০০ ঘটিকায়। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের তালিকা পরিশিষ্ট-**'ক'**তে দেখানো হয়েছে।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব সামছুন্নাহার। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্য সূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তরের উপ-পরিচালক ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর ইনোভেশন টিম এর সদস্য-সচিব জনাব মুহাম্মদ মিজানুর রহমানকে অনুরোধ জানালে তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

**আলোচ্যসুচি-০১: বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ**

০১। সভার শুরুতেই জাতীয় সঞ্চয় অধিদপ্তর ইনোভেশন টিমের গত অক্টোবর/২০১৭ মাসের সভার কার্যবিবরণীর উপর আলোচনা হয় এবং আলোচনান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি-০২: বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এবং বাৎসরিক কর্মপরিকল্পনা-২০১৭ পর্যালোচনাঃ**

০২। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা-২০১৭ বাস্তবায়ন, অক্টোবর/১৭ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়; যা নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (০১) | ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি এবং উদ্ভাবন সংক্রান্ত পেইজ সংযোজন; | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি, উদ্ভাবন সংক্রান্ত এবং ইজিপি সংক্রান্ত পেইজ স্থাপনের বিষয়ে উপ-পরিচালক (পলিসি) জনাব মুহাম্মদ মিজানুর রহমান বলেন- এ বিষয়ে a2i কারিগরী সহযোগীতার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর সাথে একটি চুক্তি করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এবং জেলা পোর্টালে অবস্থিত জেলা সঞ্চয় অফিসের ওয়েব পেইজটি হাল-নাগাদ রাখার জন্য সকল জেলা অফিসকে আগস্ট/১৭ মাসে পত্র দেয়া হয়েছে। ইতোমধ্যে রাজবাড়ী, পাবনা, মাগুরা ও ফরিদপুর জেলা | (ক) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত; উদ্ভাবন সংক্রান্ত এবং ইজিপি সংক্রান্ত পেইজ স্থাপনের নিমিত্ত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর সাথে যোগাযোগ করে দ্রুততম সময়ের মধ্যে ওয়েবসাইটে | উপ-পরিচালক (পলিসি) এবং সহকারী পরিচালক (জনসংযোগ) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | সঞ্চয় অফিস জানিয়েছে তাদের ওয়েব পেইজটি হাল-নাগাদ করা হয়েছে। সভাপতি মহোদয় বলেন, যে সকল জেলা সঞ্চয় অফিস এখনও তাদের ওয়েব পেইজটি হাল-নাগাদ করেনি তাদের কে দ্রুত তম সময়ের মধ্যে ওয়েব পেইজটি হাল-নাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হতে নির্দেশনা প্রদান করতে হবে। | পেইজ সংযোজনের কাজ সম্পাদন করতে হবে। | |
| | | | (খ) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বিদ্যমান ওয়েব সাইট নিয়মিত হাল-নাগাদ করতে হবে । জেলা পর্যায়ের সকল অফিসের ওয়েব পেইজ যাতে হাল-নাগাদ থাকে এ বিষয়ে সহকারী পরিচালক(পলিসি) নিয়মিত যোগাযোগ রাখবেন। | সহকারী পরিচালক (জনসংযোগ) |
| (০২) | জাতীয় সঞ্চয় ব্যুরোর সকল কার্যালয়ে ই-সেভিংস সফটওয়্যার চালুকরণ; | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী **চলতি অর্থ বছরের মধ্যে**-সকল সঞ্চয় ব্যুরোতে ই-সেভিংস সফট্ওয়ার চালু করার বাধ্যবাধকতা রয়েছে। তাছাড়া জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পাতেও ই-সেভিংস সফট্ওয়ার চালু করার নির্দেশনা রয়েছে। উপ-পরিচালক (জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, এ পর্যন্ত ৪৯টি সঞ্চয় ব্যুরোতে ই-সেভিংস সফটওয়ার চালু করা হয়েছে। ১০টি সঞ্চয় ব্যুরোতে ই-সেভিংস চালু করতে বাকী আছে। সভাপতি মহোদয় বলেন, আগামী ডিসেম্বর/২০১৭ মাসের মধ্যে অবশিষ্ট ১০টি সঞ্চয় ব্যুরোতে ই-সেভিংস সফট্ওয়ার চালু নিশ্চিত করতে হবে। | (ক) কর্ম-পরিকল্পনা (Action Plan) অনুযায়ী আগামী ডিসেম্বর/১৭ মাসের মধ্যে ১০টি অফিসে ই-সেভিংস সফট্ওয়ার চালু নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক (জনসংযোগ) |
| (০৩) | উঠান বৈঠকের মাধ্যমে উদ্বুদ্ধকরণ; | সভায় জানানো হয় যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশনকর্ম-পরিকল্পনা এবং গত অক্টোবর/১৭ মাসের ইনোভেশন টিম এর সভার সিদ্ধান্ত অনুযায়ী উপ-পরিচালক (জনসংযোগ) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সকল কর্মকর্তাদের নিকট থেকে উঠান বৈঠকের কর্মপরিকল্পনা গ্রহণ করবেন। আগামী ডিসেম্বর/১৭ মাসের মধ্যে সমন্বিত কর্মপরিকল্পনা প্রস্তুত করে মহাপরিচালকের নিকট দাখিল করবেন। | প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা এবং মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা জেলা সঞ্চয় অফিস/ব্যুরোর মাধ্যমে সংশ্লিষ্ট অঞ্চলে ২টি করে উঠান বৈঠক ও ২টি মাধ্যমিক বিদ্যালয়ে উদ্বুদ্ধকরণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করবেন। এছাড়া মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রণয়নকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী উঠান বৈঠক ও মাধ্যমিক বিদ্যালয়ের উদ্বুদ্ধকরণ সভার অগ্রগতি প্রতিবেদন উপ- | প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তাবৃন্দ ও উপ-পরিচালক (প্রশাসন ও জনসংযোগ) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | | পরিচালক(প্রশাসন ও জনসংযোগ) মহাপরিচালক মহোদয়ের নিকট দাখিল করবেন। | |
| (০৪) | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল অফিসে সিসি-টিভি ক্যামেরা স্থাপন; | ইতোমধ্যে ঢাকা ও চট্রগ্রাম মহানগরীতে অবস্থিত সঞ্চয় অফিস সহ সারাদেশের সকল জেলায় অবস্থিত সঞ্চয় অফিস এবং পার্বত্যজেলা অফিসে সিসিটিভি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অভিহিত করে বলেন- এ পর্যন্ত ৪৯টি অফিসে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে এবং ৩০টি অফিসে সিসি ক্যামেরা স্থাপনের অপেক্ষায় আছে। অবশিষ্ট অফিসগুলোতে চলতি ২০১৭-১৮ অর্থ বছরের মধ্যে সিসিটিভি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করার বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। | চলতি ২০১৭-১৮ অর্থবছরের মধ্যে অবশিষ্ট ৩০টি অফিসে সিসিটিভি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে। এ বিষয়ে সহকারী পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক(বাজেট) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সহকারী পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (বাজেট) |
| (০৫) | উদ্ভাবনী সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ ও বাস্তবায়ন; | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্যে হতে উদ্ভাবনী প্রশিক্ষণ গ্রহণকারী তৃতীয় টিমের সদস্য মোসাম্মাৎ রুমানা সিদ্দিকা, সহকারী পরিচালক (অডিট ও আইন) সভাকে জানান যে, ৩য় টিমের টিম লিডার উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, সিলেট উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে পাইলটিং এরিয়া মৌলভীবাজারের চাদনীঘাট ও গিয়াসনগর ইউনিয়নের চেয়ারম্যান, সদস্য ও ইউডিসি উদ্যোক্তাদের সাথে বৈঠক করেছেন। বৈঠকে ইউডিসি উদ্যোক্তদের উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানসহ সঞ্চয় স্কিমের ফোল্ডার ও ফেস্টুন বিতরণ করেছেন। সভায় উপস্থিত মহাপরিচালক মহোদয় বলেন- উদ্ভাবনী টিমের সকল কাজ যাতে যথাযথভাবে বাস্তবায়িত হয় তার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উদ্ভাবনী ধারণা আরো সম্প্রসারণের জন্য যেকোন একটি জেলার প্রতিটি ইউনিয়ন পরিষদ কার্যালয়ে একটি করে ফেস্টুন প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উদ্ভাবন সংক্রান্ত সকল টিমের আইডিয়া যাতে যথাযথভাবে দ্রুত বাস্তবায়ন করা হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। উদ্ভাবন আইডিয়া বাস্তবায়ন আরো সম্প্রসারণের জন্য যে কোন একটি জেলার প্রতিটি ইউনিয়নে ০১(এক)টি করে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ফেস্টুন প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (জনসংযোগ) |
| (০৬) | ঢাকার সঞ্চয় ব্যুরোগুলোকে EFT (Electronic Fund | মহাপরিচালক মহোদয় বলেন-বর্তমান তথ্য প্রযুক্তির যুগে জাতীয় সঞ্চয় ব্যুরোর অস্থিত্ব বজায় রাখার জন্য ঢাকায় অবস্থিত জাতীয় সঞ্চয় ব্যুরোগুলোতে যাতে EFT (Electronic Fund Transfer ) সুবিধার আওতায় আণয়ন করা যায় সে বিষয়ে জরুরীভিত্তিতে | ঢাকায় অবস্থিত জাতীয় সঞ্চয় অধিদপ্তর ব্যুরোগুলোকে অবশ্যই EFT এর আওতায় আনতে হবে। এ বিষয়ে উপ-পরিচালক (পলিসি) এবং | উপ-পরিচালক (পলিসি) এবং সহকারী পরিচালক (জনসংযোগ) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | Transfer ) এর আওতায় আণয়ন; | ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক এবং মন্ত্রণালয়ের টেকনিক্যাল এক্সপার্ট সাথে পরামর্শ করে দ্রুত একটি প্রতিবেদন দাখিল করার জন্য বলেন। | সহকারী,পরিচালক (জনসংযোগ) এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন দিবেন। | |
| (০৭) | জাতীয় সঞ্চয় প্রকল্পসমূহের বিধিমালা/নীতি মালা সংক্রান্ত পুস্তিকা প্রকাশ; | উপ-পরিচালক (পলিসি) সভাকে অবহিত করেন যে, এপিএ চুক্তি অনুযায়ী জাতীয় সঞ্চয় প্রকল্পসমূহের বিধিমালা/নীতিমালা সংক্রান্ত পুস্তিকা প্রকাশ করার বাধ্যবাধকতা রয়েছে। বর্তমানে চালুকৃত জাতীয় সঞ্চয় স্কিমের বিধিমালা/নীতিমালা সংক্রান্ত একটি পুস্তিকা প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় সঞ্চয় প্রকল্পসমূহের বিধিমালা/নীতিমালা সংক্রান্ত পুস্তিকা প্রকাশের ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (পলিসি) এবং সহকারী পরিচালক (জনসংযোগ) |
| (০৮) | ২০১৭-১৮ অর্থ বছরের জন্য ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন; | সভাপতি মহোদয় এপিএ বাস্তবায়নসহ ইনোভেশন, শুদ্ধাচার ও নৈতিকতাসহ অন্যান্য কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। একই সাথে বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালকগণ যাতে ত্রৈমাসিকভিত্তিতে এ সকল বিষয়ে অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করেন সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে সকল কার্যালয় থেকে প্রতিবেদন পাওয়া যায়নি তার কারণ উল্লেখ করে আগামী সভায় বিষয়টি উপস্থাপন করতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন, শুদ্ধাচার ও নৈতিকতাসহ প্রণয়নকৃত অন্যান্য কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে। একই সাথে বিভাগীয় কার্যালয় হতে নিয়মিত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

০৩। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন টিম এর সকল সদস্য এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(মোঃআবুতালেব)
পরিচালক (যুগ্ম-সচিব)
ফোন : ০২-৯৫৮৮৪১০।

**পরিশিষ্ট-ক**

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন টিমের নভেম্বর **২০১৭**মাসে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ

০১। জনাব রাজিয়া বেগম, উপ-পরিচালক (প্রশাসন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০২। জনাব মুহাম্মদ মিজানুর রহমান, উপ-পরিচালক (পলিসি), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব মোঃ রেজানুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। জনাব রুমানা সিদ্দিকা, সহকারী পরিচালক (অডিট ও আইন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

উপস্থিত অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের তালিকাঃ

০১। জনাব মোহাম্মদ হাবীবুর রহমান, পরিচালক (পলিসি) , জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। জনাব মোহাম্মদ খলিলুর রহমান, সহকারী পরিচালক (ক্যাশ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। জনাব সুলতানা জাকিয়া, সহকারী পরিচালক (পরিসংখ্যান), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

নং-০৮.০৪.০০০০.০১২.০৬.০০৬.১৭-২৮০০

তারিখঃ ২১ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০১৭খ্রিষ্টাব্দ

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। পরিচালক (প্রশাসন/পলিসি), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপ-পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ----------------------------------------।
০৪। উপ-পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, ------------------------------------------------।
০৫। সহকারী পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা--------------------------------।
০৬। সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ---------------------------------------------------।
০৭। সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ---------------------------------------------------।
০৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী,জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। অফিস নথি।

(মোঃআবুতালেব)
পরিচালক (যুগ্ম-সচিব)।